

## অপুষ্টিতে আক্রান্ত শিশুদের বুদ্ধি বিকাশে নতুন একটি প্রকল্পের উদ্বোধন

ঢাকা, আগস্ট ২৫, ২০১৫ - আইসিডিডিআরবি'র চাইল্ড ডেভেলপমেন্ট ইউনিট, পুষ্টি যত্ন ও মনোসামাজিক উদ্দীপনার মাধ্যমে অপুষ্টিতে আক্রান্ত শিশুদের বুদ্ধির বিকাশ উন্নয়নে নতুন একটি প্রকল্প গ্রহণ করেছে। আজ আইসিডিডিআরবি-র সামাজিকওয়া মিলানায়তনে ট্র্যালারজিশন টু ক্ষেল অফ অ্যান আর্লি চাইল্ডহুড ডেভেলপমেন্ট প্রোগ্রাম ইন বাংলাদেশ শীর্ষক প্রকল্পটির আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়।

বাংলাদেশের প্রাণ্যায়ে প্রাচলিত স্বাস্থ্যসেবার মাঝে পুষ্টি যত্ন ও মনোসামাজিক উদ্দীপনা সংশ্লিষ্ট কার্যক্রমকে সংশ্লিষ্ট কার্যক্রমকে অন্তর্ভুক্ত করার সম্ভাব্যতা যাচাই করে দেখা হবে। নরসিংহী ও কিশোরগঞ্জের ১৩০টি কমিউনিটি ক্লিনিকে ২,৬০০ শিশু ও তাদের অভিবাবকের অংশগ্রহণে প্রকল্পটি বাস্বার্যিত হচ্ছে। এক বছর ধরে প্রতি দুই সপ্তাহে একবার করে মাঝেরা তাদের শিশুদেরকে নিয়ে কমিউনিটি ক্লিনিকে পুষ্টি যত্ন ও মনোসামাজিক উদ্দীপনা বিষয়ক প্রশিক্ষণ গ্রহণ করবেন। প্রকল্প এলাকার কমিউনিটি ক্লিনিকের স্বাস্থ্যকর্মী, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ফ্যামিলি ওয়েলফেয়ার অ্যাসিস্ট্যান্ট এবং স্বাস্থ্য অধিদপ্তরাধীন হেলথ অ্যাসিস্ট্যান্টদেরকে প্রশিক্ষিত করা হবে যাতে তারা মাঝেদেরকে প্রশিক্ষিত করতে পারে। তারা মাঝেদেরকে শিশুর পুষ্টি ও বুদ্ধি বিকাশ বিষয়ে করণীয় সচেতন করবেন এবং মাঝেরা যাতে সঠিক ভাবে তাদের অভিজ্ঞতাকে কাজে লাগাতে পারেন তা নিশ্চিত করবেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিশু ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাসিমা বেগম (এনডিসি)। অতিরিক্ত সচিব এবং কমিউনিটি ক্লিনিক প্রকল্পের পরিচালক ডাঃ মাখদুমা নার্গিস অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন। সম্মানিত বিশেষ অতিথি ছিলেন জাতীয় অধ্যাপক ডাঃ এম আর খান, বিশেষ অতিথি ডাঃ হাবিব আবদুল্লাহ সোহেল (পরিচালক, পিএইচসি), ডাঃ দুলাল চন্দ্ৰ চৌধুরী, ডেপুটি ডিরেক্টর, ইপিআই এসময় উপস্থিত ছিলেন।

মিসেস নাসিমা বেগম অপুষ্টি ও বুদ্ধি বিকাশে সরকারি ও বেসরকারি সমন্বিত উদ্যোগের প্রয়োজনীয়তার ওপরে আলোকপাত করেন, আইসিডিডিআরবি-র এবং বিশেষভাবে প্রকল্পটির কার্যকরী সফলতার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন।

ডাঃ এম আর খান বলেন প্রকল্পটি থেকে অনেক শিক্ষণীয় বিষয় উঠে আসবে যা শিশুদের সামাজিক ও মানবিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আইসিডিডিআরবি-র নির্বাহী পরিচালক ড. জন ক্লেমেস বলেন নিম্ন ও মাঝের আয়ের দেশের শিশুদের জন্য পুষ্টি যত্ন ও মনোসামাজিক উদ্দীপনার সমন্বিত কার্যক্রম ইতিবাচক অবদান রাখবে।

প্রকল্পের প্রধান পরিচালক, ডাঃ জেনা ডি হামাদানি আশা করেন যে, এক বছর ব্যাপী মনোসামাজিক উদ্দীপনার এই প্রকল্প অপুষ্টিতে আক্রান্ত শিশুদের ভাষাগত, অংগ-সংঘালনগত, মনোসামাজিক এবং আচরণগত বিকাশে ভূমিকা রাখবে।

আশা করা যায় যে, এ গবেষনায় প্রাপ্ত ফলাফল শিশু বিকাশ কার্যক্রমকে কমিউনিটি ক্লিনিক থেকে সারা দেশে ছড়িয়ে দিতে সহায়তা করবে।

গ্যাল্ড চ্যালেঞ্জেস কানাডা-র অর্থায়নে এই প্রকল্পটি বাংলাদেশের গ্রাম পর্যায়ে অপুষ্টিতে ভুগছে এমন শিশুদের মনোসামাজিক বিকাশের উন্নয়নে সহায়তা করবে। স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কমিউনিটি ক্লিনিক প্রকল্প, বাংলাদেশ শিশু একাডেমী ও আইসিডিডিআরবি যৌথভাবে এই প্রকল্পটি পরিচালনা করছে। কার্যক্রমটি কমিউনিটি ক্লিনিক পর্যায়ে সিএইচসিপি, স্বাস্থ্য সহকারী ও পরিবার পরিকল্পনা সহকারীগণ কর্তৃক বাস্তুবায়িত হচ্ছে।

বিশ্বজুড়ে ২০ কোটিরও বেশী শিশু (গর্ভাবস্থা থেকে শুরু করে ৫ বছর বয়সকালীন সময় পর্যন্ত) শুধুমাত্র অপুষ্টি, অপর্যাপ্ত মনোসামাজিক উদ্দীপনা, আয়োডিন ও আয়রনের ঘাটতির কারণে পরিপূর্ণ বিকাশ থেকে বিপ্রিত হচ্ছে। শিশুর বুদ্ধির বিকাশ বয়স অনুযায়ী সঠিক মাত্রায় না হলে স্কুলে ভর্তির শুরুমতে তারা স্কুলে ভাল করতে পারেনা, ফলে পরবর্তী সময়ে তারা চাকরির সুযোগ কম পায়, তারা অধিক সম্মান জন্ম দেয় এবং শিশুর লালন-পালনও সঠিকভাবে করতে পারেনা। এভাবে বৎসরস্পরায় তাদের দারিদ্রের চক্র চলতে থাকে। তাই, জীবনের শুরু থেকেই বিকাশমূলক উদ্দীপনাকে এই চক্রকে ভাঙ্গার একটি উপায় হিসেবে চিহ্নিত হয়েছে।

# # # # #

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

একেএম তারিফুল ইসলাম খান  
মিডিয়া ম্যানেজার, আইসিডিডিআর, বি  
টেলিফোন: +৮৮০-২-৯৮২০৫২৩-৩২ এক্স ৩১১৬  
মোবাইল ফোন: ০১৭ ৫৫৫ ৮৮ ১২৮  
ইমেইল: [tariful.islam@icddrb.org](mailto:tariful.islam@icddrb.org)